



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ-১

এসিডি-১ সার্কুলার লেটার নং-০৩

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩
৩০ আগস্ট ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

দেশের উত্তরবঙ্গে কৃষিভিত্তিক বিশেষ অর্থনৈতিক কেন্দ্র সৃষ্টির লক্ষ্যে ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার
পুনঃ অর্থায়ন তহবিল গঠন ও পরিচালনার নীতিমালা।

শীর্ষোক্ত বিষয়ে এ বিভাগের এসিডি-১ সার্কুলার নং-০২, তারিখ: ০৬ জুলাই ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের ১১ এর 'ক' ও 'খ' নং, ১২ এর 'ক' ও 'খ' নং, ১৪ এর 'ঘ' নং এবং ১৬ এর 'ক' নং নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

১। অনুচ্ছেদ ১১. সুদ/মুনাফার হার:

ক) এ তহবিলের আওতায় অংশগ্রহণকারী ব্যাংকসমূহ বাংলাদেশ ব্যাংক হতে ৩% (তিন শতাংশ) সুদ/মুনাফা হারে পুনঃ অর্থায়ন সুবিধা পাবে।

খ) গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৭% (সাত শতাংশ)। শরীয়াহ ভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে আদায়কৃত মুনাফার হার শরীয়াহ অনুমোদিত বিনিয়োগ নীতিমালার আওতায় নির্ধারণ করতে হবে; তবে ৭% এর অধিক হবে না। উক্ত সুদ/মুনাফার হার সকল গ্রাহকের ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে। প্রযোজ্য ক্ষেত্রে গ্রাহকের ঋণ/বিনিয়োগের ক্রমহ্রাসমান স্থিতির উপর সুদ/মুনাফা আরোপ করতে হবে।

২। অনুচ্ছেদ ১২. ঋণ/বিনিয়োগের মেয়াদ:

ক) গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ক্ষেত্রে খাত/প্রকল্প বিবেচনায় অনুচ্ছেদ ৯(ক) খাতে ০৩ (তিন) মাস গ্রেস পিরিয়ডসহ বিতরণকৃত ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ মেয়াদ হবে ১৮ (আঠারো) মাস এবং অংশগ্রহণকারী ব্যাংকসমূহ পুনঃ অর্থায়ন গ্রহণের তারিখ হতে অনধিক ১৮ (আঠারো) মাসের মধ্যে আসল এবং সুদ/মুনাফা (বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ৩% হারে) বাংলাদেশ ব্যাংক-কে পরিশোধ করবে।

খ) গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ক্ষেত্রে খাত/প্রকল্প বিবেচনায় অনুচ্ছেদ ৯(খ-ঘ) খাতে ০৩ (তিন) মাস হতে ০৬ (ছয়) মাস পর্যন্ত গ্রেস পিরিয়ডসহ বিতরণকৃত ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ মেয়াদ হবে ৩৬ (ছত্রিশ) মাস এবং অংশগ্রহণকারী ব্যাংকসমূহ পুনঃ অর্থায়ন গ্রহণের তারিখ হতে অনধিক ৩৬ (ছত্রিশ) মাসের মধ্যে আসল এবং সুদ/মুনাফা (বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ৩% হারে) বাংলাদেশ ব্যাংক-কে পরিশোধ করবে।

২। অনুচ্ছেদ ১৪. পরিশোধ পদ্ধতি:

ঘ) এ তহবিলের আওতায় প্রদত্ত অর্থ বা এর কোনো অংশের সদ্যবহার হয়নি মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রতীয়মান হলে এবং বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে ৭% এর অধিক সুদ/মুনাফা আদায় করা হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সে পরিমাণ অর্থের ওপর নির্ধারিত হারের অতিরিক্ত ২% হারে সুদ/মুনাফা ধার্যপূর্বক এককালীন আদায় করা হবে।


৩। অনুচ্ছেদ ১৬. অন্যান্য শর্তাবলি:

ক) পুনঃ অর্থায়ন তহবিলের আওতায় ৭% সুদ/মুনাফা হারে গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ বা বিনিয়োগ কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি উল্লেখ করে ব্যাংক শাখার অভ্যন্তরে এবং বাইরে (সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে) ব্যানার স্থাপন করতে হবে এবং বিশেষ ক্যাম্পেইনের মাধ্যমে এই রেয়াতি ঋণ সুবিধার প্রচার-প্রচারণা করতে হবে।

এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলারের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(চৌধুরী লিয়াকত আলী)

পরিচালক (এসিডি-১)

আইপি: ০২৫৫৬৬৫০০১-৬/২০১৭০

ই-মেইল: chowdhury.ali@bb.org.bd